# দৈনিক সংবাদ

012

04 JUL 1988
1 কলাম 6

## শিক্ষামন্ত্রীর বক্তব্যের প্রতিবাদ

ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩ সংশোধনের ব্যাপারে জাতীয় সংসদে দেয়া শিক্ষামন্ত্রীর

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রীর বক্তব্যের প্রতিবাদ

(১ম পাতার পর)

বক্তব্যের বিরুদ্ধে প্রতিবাদ জানান অব্যাহত রয়েছে।

গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত সম্মিলিত পেশাজীবি সংগ্রাম পরিষদের সভায় বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্ত শাসন খর্ব করা, অনুদান বন্ধের প্রস্তাব ও শিক্ষকদের প্রতি 'অশালীন' উক্তির প্রতিবাদ জানানো হয়। আইনজীবী শামসুল হক চৌধুরী সভায় সভাপতিত্ব করেন। সভায় গৃহীত প্রস্তাবে সাংবাদিকদের আন্দোলনের প্রতি একাত্মতা প্রকাশ, চলচ্চিত্রসেবীদের ওপর পুলিশী হামলার প্রতিবাদ ও মার্কিন যুদ্ধ জাহাজ কর্তৃক ইরানী যাত্রীবাহী বিমান ধ্বংসের খবরে ক্ষোভ প্রকাশ করা হয়।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি নতুন কলেজ জাতীয়করণ প্রসঙ্গে জাতীয় সংসদে দেয়া শিক্ষামন্ত্রীর বক্তব্যের প্রতিবাদ করে বলেছে, এই মীমাংসিত বিষয়টি নিয়ে নতুন করে বিভ্রান্তি সৃষ্টির কোন অবকাশ নেই।

সমিতির পক্ষে মহাসম্পাদক অধ্যাপক এম শরীফুল ইসলাম গত বুধবার এক বিবৃতিতে বলেন, শিক্ষা মন্ত্রণালয়ে নতুন নতুন মন্ত্রী এসে নতুন নতুন তথ্য পরিবেশন করবেন তা মোটেই অভিপ্রেত নয়। বিবৃতিতে কলেজ জাতীয়করণের ব্যাপারে ইতিপূর্বে গৃহীত সরকারী পরিকল্পনা বাস্তবায়নের দাবী জানানো হয়।

ছাত্র সংগ্রাম পরিষদ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে গতকাল অনুষ্ঠিত এক ছাত্র সমাবেশে বলা হয় বিশ্ববিদ্যালয় আদেশ সংশোধনের উদ্যোগ এবং সম্প্রতি বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সন্ত্রাসী ঘটনা পরস্পর সম্পর্কিত। ছাত্র সমাজকে এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে। মুনিরুজ্জামান বাদল, শহীদুল ইসলাম, রেজাউল করিম হীরন, মহিউদ্দিন আহমেদ, নাইমউদ্দিন, মোঃ ইয়াসিন প্রমুখ ছাত্র নেতা সভায় বক্তব্য রাখেন।

ছাত্রলীগ (সু-র), ছাত্রমৈত্রী, এবং ছাত্রলীগ (শা-সা) নেতৃবৃন্দ গতকাল পৃথক বিবৃতিতে বিশ্ববিদ্যালয় আদেশ সংশোধনের উদ্যোগের নিন্দা ও প্রতিবাদ করেছেন।

সংগ্রামী ছাত্র জোট এবং জাতীয়তাবাদী ছাত্রদল পৃথক ...থক বিবৃতিতে বিশ্ববিদ্যালয় ...শ সংশোধনের সরকারী ...গের নিন্দা করেছে।